



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৮ মার্চ ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

কুদুকছড়ির আবাসিকে সেনাবাহিনীর লেলিয়ে দেয়া সন্ত্রাসীদের হামলা ও অপহরণের নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ রবিবার ১৮ মার্চ ২০১৮ এক বিবৃতিতে জেলার কুদুকছড়ির আবাসিকে সেনাবাহিনীর লেলিয়ে দেয়া সন্ত্রাসী দুর্বৃত্তদের সশস্ত্র হামলায় গণতান্ত্রিক যুব ফোরামের এক নেতাকে গুলিবিদ্ধ, হিল উইমেন্স ফেডারেশনের দুই নেত্রীকে অপহরণ ও ছাত্রদের একটি মেসে আগুন দেয়ার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, ‘আজ কুদুকছড়ি বাজারের হাটবার সকাল সোয়া নয়টার দিকে সেনাবাহিনী তাদের গাড়িতে করে সন্ত্রাসীদেরকে আবাসিকের দোকানের পাশে নামিয়ে দেয়। এরপর সন্ত্রাসীরা খাগড়াছড়ি-রাঙামাটি সড়ক থেকে কয়েক শ’ গজ দূরে গণতান্ত্রিক যুব ফোরামের নেতা ধর্ম সিং চাকমাদের বাড়ি লক্ষ্য করে গুলি চালায়। এতে তিনি গুলিবিদ্ধ হয়ে আহত হন। দুর্বৃত্তরা ছাত্রদের একটি মেসে আগুন ধরিয়ে দেয় এবং জঙ্গী গোষ্ঠী বোকো হারামের স্টাইলে হিল উইমেন্স ফেডারেশনের সাধারণ সম্পাদক মন্ডি চাকমা ও কেন্দ্রীয় সদস্য দয়াসোনা চাকমাকে অস্ত্রের মুখে অপহরণ করে আবাসিকের বৌদ্ধ মন্দিরের পাশ দিয়ে খাগড়াছড়ি-রাঙামাটি সড়কের পর্ব পাশের জঙ্গলে নিয়ে যায়। এ সময় সেনাবাহিনী রাস্তায় টহল বাড়িয়ে দেয়।’

ইউপিডিএফ নেতা উক্ত হামলাকে ‘কাপুরুষোচিত ও ন্যাকারজনক’ অভিহিত করে বলেন, ‘সরকার ও সেনাবাহিনী রাজনৈতিকভাবে ইউপিডিএফ-কে মোকাবিলা করতে ব্যর্থ হয়ে সশস্ত্র সন্ত্রাসী লেলিয়ে দিয়ে তার উত্থানকে রুদ্ধ করতে চাইছে।’

কিন্তু কোন ধরনের দমনপীড়ন ও সন্ত্রাসী হামলা চালিয়ে অতীতে ইউপিডিএফের অগ্রযাত্রাকে স্তব্ধ করা যায়নি, ভবিষ্যতেও যাবে না বলে তিনি মন্তব্য করেন এবং অবিলম্বে হামলাকারী সন্ত্রাসীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

উক্ত সন্ত্রাসী হামলার প্রতিবাদে ও অপহৃতদের মুক্তির দাবিতে হিল উইমেন্স ফেডারেশন, পার্বত্য চট্টগ্রাম নারী সংঘ ও ঘিলাছড়ি নারী নির্যাতন প্রতিরোধ কমিটি তাৎক্ষণিকভাবে রাঙামাটি-খাগড়াছড়ি সংযোগ সড়ক বন্ধ করে দিয়েছে।

বার্তা প্রেরক

নিরনচাকমা

প্রচার ও প্রকাশনাবিভাগ

ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)